

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
বিপণন বিভাগ

নম্বর ৩৬.০২.০০০০.০১৬.৩২.০০৪.২০.৪৫

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯

০৪ আগস্ট ২০২২

আন্তর্জাতিক মেলায় বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ১৯-২৯ আগস্ট, ২০২২ সময়ে New Delhi, India তে অনুষ্ঠিতব্য “India International Mega Trade Fair (IIMTF)-2022” শীর্ষক মেলায় অংশগ্রহণ।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে আগামী ১৯-২৯ আগস্ট, ২০২২ সময়ে New Delhi, India তে “India International Mega Trade Fair (IIMTF)-2022” শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় তৈরি পোশাক, হোম টেক্সটাইল, চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য, প্লাস্টিক, সিরামিক, হস্তশিল্পজাত পণ্য, কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য এবং ফার্নিচার প্রদর্শন করা যাবে।

০২। উল্লিখিত মেলায় ৯ বর্গমিটার বুথের অংশগ্রহণের নির্ধারিত ফি ১,৭৩,৪৬০/- (এক লক্ষ তিয়াত্তর হাজার চারশত ষাট) টাকা। তবে রপ্তানি উন্নয়ন ব্যুরো আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে তাদের রপ্তানি আয় বিবেচনাপূর্বক বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি প্রদান করবে-

ক) তৈরি পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রম	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরি	ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা (%)
১।	১০ এর উপরে	ক	২০
২।	০৫-১০	খ	৩৫
৩।	০৫ এর নীচে	গ	৪৫
৪।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	ঘ	৫০

খ) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

ক্রম	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরি	ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা (%)
১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	ক	৪০
২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	খ	৫০

০৩। উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী উদ্যোক্তাগণকে ইপিবি'র নির্ধারিত পূরণকৃত আবেদনপত্র (ডাউনলোড লিঙ্ক: <https://cutt.ly/epbform>) এবং ইপিবি-এর অনুকূলে প্রয়োজ্য হারে অংশগ্রহণ ফি'র সমমূল্যের পে-অর্ডার আগামী ০৮/০৮/২০২২ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। আবেদনপত্রের সাথে ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারীদের পাসপোর্টের কপি, অন্যান্য দেশে ভ্রমণের ভিসার কপি, সর্বশেষ পিআরসি ও অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে।

০৪। এ সংক্রান্ত তথ্য, পরামর্শ বা সাচিবিক সহায়তার জন্য প্রয়োজনে বিপণন বিভাগ, বিসিক, ঢাকা (বিসিক ভবন, ৭ম তলা, ৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮; ফোন: ০১৫৭১৭১৩৬৬৪, ০১৫৩৩৩৭৪৯০৫) এ যোগাযোগ করা যেতে পারে।



৪-৮-২০২২

মোঃ আবদুল মতিন

পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প)

ফোন: +৮৮ ০২ ৯৫৫৬১৯১-২

ফ্যাক্স: +৮৮ ০২ ৯৫৫০৭০৪

ইমেইল:

dirmarketing@bscic.gov.bd

অনুলিপি (কার্যার্থে):

- ১) মহাব্যবস্থাপক (বিপণন), বিপণন বিভাগ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ২) সেল প্রধান, আইসিটি সেল, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো]
- ৩) চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)